

তাৰিখ 20 JUL 1986
পঠা... । । ...কলাম... । ।

* ।।। 051

ধর্মমন্ত্রীর সম্বর্ধনা সভা সেবুল আজহার আগে শিক্ষকদের অনুদানের টাকা প্রদানের আহবান

॥ স্টাফ রিপোর্টার ॥

বাংলাদেশ শিক্ষক সমিতি ঢাকা
মহানগরী শাখা গতকাল ধর্মমন্ত্রী
মাওলানা এম, এ, মান্নানের সম্মানে
এক সম্বর্ধনা সভার আয়োজন করে।
সভায় সভাপতিত্ব করেন ঢাকা
মহানগরী শিক্ষক সমিতির সভাপতি
জনাব লুৎফুর রহমান। সভায় বিশেষ
অতিথি হিসেবে উপস্থিত ছিলেন
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তরের
শেষ পঃ ৫-এর কঃ দেখুন

অনুদানের টাকা

প্রথম পঠার পর
মহা পরিচালক ডঃ আব্দুল করিম
বাংলাদেশ শিক্ষক সমিতির (বিটিএ)
মহাসচিব জনাব আজিজুল হক শাহ
বাংলাদেশ শিক্ষক সমিতি
ফেডারেশনের যুগ্ম সচিব খন্দকার
নাসির উদ্দিন ও জনাব শহিদুর
রহমান।

সম্বর্ধনা সভায় প্রধান অতিথি হিসেবে
বঙ্গতা দানকালে ধর্মমন্ত্রী মাওলানা
এম, এ, মান্নান বলেন ১৯৭৮ সালে
বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন
(বিএফটিএ) গঠনের পর থেকে
ফেডারেশন শিক্ষা খাতে শিক্ষকদের
জন্যে বরাদ্দকৃত টাকার পরিমাণ ৬০
কোটি টাকা থেকে বাড়িয়ে ২২৫
কোটিতে উন্নীত করতে সক্ষম
হয়েছে। এর জন্যে শিক্ষকদেরকে
কোন প্রকার হয়রানির সম্মুখীন হতে
হয় নি। তিনি বলেন, কোন কিছু
গেতে হলে দাবীর প্রয়োজন আছে
এবং সে দাবীর উৎকৃষ্ট পথ হচ্ছে
শিক্ষক সমিতি ফেডারেশনের অনুসৃত
নীতি। শিক্ষকগণ যদি ফেডারেশনের
অনুসৃত নীতির প্রতি অবিচল থাকেন
তা হলে ফেডারেশন শিক্ষকদের দাবী
আদায়ের প্রতিশ্রুতি দিতে পারে।
শিক্ষকদের অনুদানের ব্যাপারে তিনি
আগস্ট মাসের ১ম সপ্তাহের মধ্যে
শিক্ষকদের হাতে বর্তমান কিস্তির
অনুদানের টাকা পৌছানোর ব্যবস্থা
গ্রহণের জন্যে মহাপরিচালক ডঃ
আব্দুল করিমের প্রতি আহবান
জানান।